বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মার্কেট অ্যান্ড ইন্টারমিডিয়ারিজ অ্যাফেয়ার্স ডিভিশন
সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ ডিপার্টমেন্ট
www.sec.gov.bd

আদেশ

তারিখ: ১৩ নভেম্বর ২০২৫

বিএসইসি/এসএমএমআইডি/এনই/এপি/২০২৫/১০৮/৬২৯:- যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজারের উন্নয়ন, বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা এবং স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারসহ সংশ্লিষ্ট সকল মধ্যস্থতাকারীর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত যথোপযুক্ত নির্দেশনা প্রদান করা একান্ত প্রয়োজন বিবেচনা করিয়াছে; এবং

যেহেতু, সিকিউরিটিজ আইন ও বিধিমালার যথাযথ পরিপালন নিশ্চিতকরণ এবং নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস (Unrealized Loss) এর প্রভিশন সংরক্ষণ ও সমন্বয়ের উদ্দেশ্যে নির্দিষ্ট সময়সীমা বর্ধন সম্পর্কিত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক হইয়াছে;

সেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 20A এর প্রদত্ত ক্ষমতাবলে কমিশন নিম্নবর্ণিত আদেশ জারি করিলঃ

যেই সকল স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের ক্ষেত্রে নেগেটিভ ইক্যুইটি (Negative Equity) ও আনরিয়েলাইজড লস (Unrealized Loss) এর বিপরীতে প্রভিশন (Provision) সংরক্ষণ এবং সমন্বয়ের সময়সীমা বর্ধন করা হইবে, তাহাদের জন্য বর্ধিত সময়কালে নিম্নোক্ত শর্তাবলী বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হইবে—

ক) সংশ্লিষ্ট স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের আর্থিক বিবরণীতে নেগেটিভ ইক্যুইটি এবং আনরিয়েলাইজড লস এর তথ্য আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS) অনুযায়ী যথাযথভাবে প্রকাশ (Disclose) করিতে হইবে;

খ) নেগেটিভ ইক্যুইটি এবং আনরিয়েলাইজড লস এর প্রভিশন সংরক্ষণ ও সমন্বয় সংক্রান্ত তথ্য, প্রতিষ্ঠানের বোর্ডের সিদ্ধান্তসহ, বিষয়টির সম্পূর্ণ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ত্রৈমাসিক ভিত্তিতে কমিশনে দাখিল করিতে হইবে;

গ) কেবলমাত্র নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর প্রভিশন সংরক্ষণ ও সমন্বয় সম্পর্কিত কারণে উদ্ভূত নিট সম্পদ (Net-worth) এর ঘাটতি পরিপালনের বাধ্যবাধকতায় সাময়িক শিথিলতা বলবৎ থাকিবে;

ঘ) কোনো অবস্থাতেই নেগেটিভ ইক্যুইটি-সংশ্লিষ্ট BO হিসাবসমূহে নতুন সিকিউরিটিজ ক্রয় করা যাইবে না; তবে শুধুমাত্র সমন্বয়ের উদ্দেশ্যে ন্যায্য বাজার মূল্যে সিকিউরিটিজ বিক্রয় করা যাইবে;

ঙ) প্রভিশনিং ও সমন্বয়কালীন সময়ে উক্ত BO হিসাবসমূহে মার্জিন ঋণের সুদ (Interest) কিংবা পোর্টফোলিও ম্যানেজমেন্ট ফি (Portfolio Management Fee) আরোপ করা যাইবে না;

চ) বর্ধিত সময়কালে সংশ্লিষ্ট স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার কোনো নগদ লভ্যাংশ (Cash Dividend) ঘোষণা বা বিতরণ করিতে পারিবে না;

ছ) বর্ধিত সময়কালে নতুন কোন নেগেটিভ ইক্যুইটি তৈরি করা যাইবে না; তবে কোন দৈব কারণে কোন নেগেটিভ ইক্যুইটি সৃষ্টি হইলে তাহা সম্পূর্নভাবে চলতি হিসাব বৎসরেই প্রভিশন করিতে হইবে;

জ) নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর প্রভিশন ও সমন্বয় সংক্রান্ত কমিশন কর্তৃক চাহিত যেকোনো তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সাত (০৭) কার্যদিবসের মধ্যে কমিশনে দাখিল করিতে হইবে।

উল্লেখ্য, কমিশন প্রয়োজনবোধে উপরে বর্ণিত শর্তাবলীর অতিরিক্ত অধিক শর্ত আরোপ, অথবা উক্ত আদেশের সম্পূর্ণ বা আংশিক সংশোধন, পরিবর্তন অথবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে; এবং সেক্ষেত্রে কমিশন কোনো কারণ প্রকাশ করিতে বাধ্য থাকিবে না।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে,

খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান,
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।